



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার নং-০২

তারিখঃ ২৯ চৈত্র, ১৪২৬
১২ এপ্রিল, ২০২০

প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

অগ্রিম-আমানত হার (ADR)/বিনিয়োগ-আমানত হার (IDR) প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ১৭ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ডিওএস সার্কুলার নং-০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সম্প্রতি নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বিশ্বের বিভিন্ন দেশের ন্যায় বাংলাদেশের অর্থনৈতিক কর্মকাণ্ড সীমিত হয়ে পড়েছে। এ প্রেক্ষাপটে, সামগ্রিকভাবে ব্যাংকিং সেক্টরে বেসরকারি খাতে অভ্যন্তরীণ ঋণপ্রবাহে গতিশীলতা আনয়ন, ব্যাংকিং খাতের সার্বিক তারল্য পরিস্থিতির উন্নয়ন এবং অর্থনীতির উপর নভেল করোনা ভাইরাসের বিরূপ প্রভাব মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সম্প্রতি ঘোষিত বিভিন্ন আর্থিক প্রণোদনা প্যাকেজসমূহের বাস্তবায়নের লক্ষ্যে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত প্রচলিত ধারার ব্যাংকের জন্য অগ্রিম-আমানত হার (ADR) উল্লেখিত সার্কুলারে নির্দেশিত ৮৫.০০ শতাংশ হতে ২.০০ শতাংশ বাড়িয়ে সর্বোচ্চ ৮৭.০০ শতাংশ এবং ইসলামি শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক এবং প্রচলিত ধারার ব্যাংকের ইসলামি ব্যাংকিং কার্যক্রমের জন্য বিনিয়োগ-আমানত হার (IDR) উল্লেখিত সার্কুলারে নির্দেশিত ৯০.০০ শতাংশ হতে ২.০০ শতাংশ বাড়িয়ে সর্বোচ্চ ৯২.০০ শতাংশ নির্ধারণ করা হলো।

০৩। এ নির্দেশনা ১৫ এপ্রিল ২০২০ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ সহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০০৯৩